

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪১৬

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ আমরা হাদীসের যে ব্যাপক শব্দরুপ বর্ণনা করলাম, তা খাছকারী দুটি বিষয়ের মধ্যে একটি বিষয়ের বর্ণনা

ذِكْرُ أَحَدِ التَّخْصِيصَيْنِ اللَّذَيْنِ يخصَّان عُمُومَ تِلْكَ اللَّفْظَةِ الَّتِي ذَكَرْنَاهَا

## আরবী

1416 \_ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ قَالَ: حَدَّثَنَا غَوْثُ بْنُ سُلَيْمَانَ بْنِ زِيَادٍ الْمِصْرِيُّ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ:

: دَخَلْنَا عَلَى عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ بْنِ جَزْءِ الزُّبَيْدِيِّ فِي يَوْمِ جُمُعَةٍ فَدَعَا بِطَسْتٍ وَقَالَ لِلْجَارِيَةِ: اسْتُرِينِي فَسَتَرَتْهُ فَبَالَ فِيهِ ثُمَّ قَالَ:سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْهَى أَن يبول أحدكم مستقبل القبلة.

الراوي: سُلَيْمَان بْن زِيَادٍ الْمِصْرِيُّ | المحدث: العلامة ناصر الدين الألباني ا

المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1416 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

১৪১৬. সুলাইমান বিন যিয়াদ মিসরী রহিমাহুল্লাহ বলেন, "আমরা জুমু'আর দিন আব্দুল্লাহ বিন হারিস বিন জায যুবাইদী রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে গেলাম। তিনি একটি গামলা আনতে বললেন এবং দাসীকে বললেন, "তুমি আমাকে লোকচক্ষু থেকে অন্তরাল করে রাখো।" সে তাই করলো। অতঃপর তিনি পেশাব করলেন তারপর বললেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি কিবলার দিকে মুখ করে পেশাব করতে নিষেধ করেছেন।"[1]

## ফুটনোট

[1] আহমাদ: ৪/১৯০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৫১; ইবনু মাজাহ: ৩১৭; তাহাবী, শারহু মা'আনিল আসার: ৪/২৩২।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন